



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 8-10 আগস্ট, 2024 তারিখে বৈরী আবহাওয়ায় ক্ষতিগ্রস্ত বাসিন্দা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে ফেডারেল সহায়তা দেওয়ার জন্য মার্কিন ক্ষুদ্র ব্যবসায় প্রশাসনকে ঘোষণা করেছেন

ফ্ল্যাঙ্কলিন এবং সেন্ট লরেন্স কাউন্টির বাড়ির মালিক, বাসিন্দা এবং ব্যবসাগুলি U.S. স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের কম সুদের ঋণের জন্য আবেদন করতে পারবে

স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এবং কাউন্টির অফিসিয়ালরা চরম আবহাওয়ার ঘটনায় ক্ষতিগ্রস্ত এলাকার জন্য সহায়তা পেতে প্রাথমিক ক্ষয়ক্ষতির অবস্থা যাচাই করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 8-10 আগস্ট, 2024 তারিখের চরম আবহাওয়ায় ক্ষতিগ্রস্ত ফ্ল্যাঙ্কলিন এবং সেন্ট লরেন্স কাউন্টির নিউ ইয়র্কবাসীর সহায়তা দেওয়া হবে। বাড়ির মালিক, ভাড়াটে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো এখন ঝড়ের প্রভাব থেকে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য মার্কিন ক্ষুদ্র ব্যবসায় প্রশাসনের স্বল্প সুদে ঋণের জন্য আবেদন করার যোগ্য, যার ফলে ঘরবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য ক্ষতি হয়েছে।

“আমাদের প্রশাসন এই বছরের আগস্টে চরম আবহাওয়ার দ্বারা প্রভাবিত সম্প্রদায়গুলিকে পুনর্নির্মাণ এবং পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সমস্ত উপলব্ধ সংস্থানগুলিতে অ্যাক্সেস থাকা নিশ্চিত করার জন্য কঠোর পরিশ্রম করেছে,” **গভর্নর হোকল বলেছেন।** “নিউ ইয়র্কের আবহাওয়া যে চরম তা সর্বজনবিদিত, কিন্তু এরকম আবহাওয়ার ফ্রিকোয়েন্সিটি খুব বেড়ে গেছে এবং ফ্ল্যাঙ্কলিন এবং সেন্ট লরেন্স কাউন্টির বাসিন্দাদের এবং ব্যবসার মালিকদের এই গুরুত্বপূর্ণ সহায়তা প্রদানের জন্য আমি বাইডেন-হারিস প্রশাসন এবং আমাদের ফেডারেল অংশীদারদের ধন্যবাদ জানাই।”

ঘোষিত কাউন্টিগুলোতে বাড়ির মালিক, বাসিন্দা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো এখন SBA ঋণের জন্য যোগ্য। SBA ঋণের উপযুক্ত পক্ষগুলোর জন্য খুব সহায়ক হতে পারে যাদের আবহাওয়া সম্পর্কিত দুর্ভোগ এবং অন্যান্য জরুরি অবস্থার পরে রিকোভারির জন্য আর্থিক সহায়তার প্রয়োজন হয়ে থাকে।

এই ঘোষণাটি, ঘটনাটির কারণে হওয়া সম্পত্তির ক্ষতি মেরামত/প্রতিস্থাপনের জন্য কম সুদে এরকক ভাবে ঋণ প্রদান করবে:

- ব্যবসা বা বেসরকারি, নন-প্রোফিট অর্গানাইজেশনের জন্য 2 মিলিয়ন ডলার পর্যন্ত
- বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের জন্য 100,000 মার্কিন ডলার পর্যন্ত (ব্যক্তিগত প্রোপার্টি মেরামত বা বদলে নিতে সাহায্য করার জন্য)
- বাড়ির মালিকদের জন্য 500,000 মার্কিন ডলার পর্যন্ত (তাদের মূল বাসাকে দুর্যোগের আগের অবস্থায় মেরামত বা ফেরত আনার জন্য)

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services) কমিশনার জ্যাকি ব্রে (Jackie Bray) বলেছেন, “এই অর্থায়ন চরম আবহাওয়ায় ক্ষতিগ্রস্তদের, ঝড়ের কারণে হওয়া ক্ষয়ক্ষতি থেকে পুনরুদ্ধার করতে সহায়তা করবে। গভর্নর হোকল এবং আমাদের ফেডারেল অংশীদাররা এই সম্প্রদায়গুলিকে পুনর্নির্মাণের জন্য প্রাপ্য তহবিল পেতে সহায়তা করার জন্য আন্তরিকভাবে কাজ করেছেন এবং নিউ ইয়র্কবাসীদের হয়ে সেগুলি সরবরাহ করার জন্য আমরা তাদের ধন্যবাদ জানাই।”

নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্য, [আবেদনপত্রগুলি ডাউনলোড করুন এবং এখানে অনলাইনে আবেদন করুন](#)-এ দেখতে পারবেন। তারা SBA-এর গ্রাহক পরিষেবা কেন্দ্রে (800) 659-2955 নম্বরে কল করতে পারে বা ইমেল করতে পারে disastercustomerservice@sba.gov। ব্যক্তিগত সহায়তা এবং আবেদনের জন্য লোকেশনগুলো আগামী দিনে ঘোষণা করা হবে।

যে ব্যক্তির বাধির, কানে কম শোনে বা কথা বলার ক্ষেত্রে অক্ষমতা রয়েছে, তারা টেলিযোগাযোগ রিলে সেবার সুযোগ পেতে 711 নম্বরে ফোন করতে পারেন।

বাস্তব সম্পত্তির ক্ষয়ক্ষতির জন্য রিটার্ন আবেদন জমা দেওয়ার শেষ তারিখ 24 জানুয়ারি, 2025। আর্থিক ক্ষতির রিটার্ন আবেদন করার শেষ তারিখ আগস্ট 25, 2025।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাসের ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিকাণ্ড এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর জন্য প্রস্তুতি নেওয়া, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে সেরে উঠার প্রচেষ্টাগুলোর জন্য নেতৃত্ব, সমন্বয়, ও সহায়তা প্রদান করছে। আরো তথ্যের জন্য, Facebook, X, Instagram এবং LinkedIn-এ NYSDHSES-কে ফলো করুন এবং [এখানে লিঙ্কটিতে ক্লিক করে dhses.ny.gov](#) ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)